

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০১৭.০৩০.০০.০০.০০১.২০১১-২৭৭


তারিখ : ২৭ ফাল্গুন ১৪২২
০৯ মার্চ ২০১৬

বিষয় : সিরাজগঞ্জ জেলার বেলকুচি উপজেলার ০৬নং বড়ধুল ইউনিয়নের সকল নির্বাচনী কার্যক্রম স্থগতি রাখা প্রসঙ্গে।

সূত্র : জনাব মো: ফরিদ আহমেদ, চেয়ারম্যান, ৬নং বড়ধুল ইউনিয়ন পরিষদ, বেলকুচি, সিরাজগঞ্জ এর আবেদন,
তারিখ : ০৭.০২.২০১৬খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ আবেদনের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যমুনা নদীর ভাঙ্গনে সিরাজগঞ্জ জেলার বেলকুচি উপজেলার ৬নং বড়ধুল ইউনিয়নের ০২নং ওয়ার্ড ও ৩নং ওয়ার্ড সম্পূর্ণভাবে বিলুপ্ত এবং অন্যান্য ওয়ার্ড আংশিকভাবে ভাঙ্গনের কারণে সীমানা পুন: নির্ধারণের জন্য মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১১৪৬/২০১৬ দায়ের হয়েছে। আবেদনকারী জনাব মো: ফরিদ আহমেদ মহামান্য আদালতে সীমানা নির্ধারণ সংক্রান্ত মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত উক্ত ইউনিয়নের সকল নির্বাচনী কার্যক্রম স্থগিত রাখার জন্য অনুরোধ জানিয়েছেন। রীট পিটিশন নং-১১৪৬/২০১৬ এর ১/২/২০১৬ তারিখের আদেশে(সার্টিফাইড কপি সংযুক্ত) নির্বাচন অনুষ্ঠানের পূর্বে বেলকুচি উপজেলার বড়ধুল ইউনিয়ন পরিষদের নদী ভাঙ্গনে ক্ষতিগ্রস্ত ওয়ার্ড নং-৬ এর সীমানা নির্ধারণ এবং ভোটার তালিকা হালনাগাদ করা হবে না সে মর্মে কারণ দর্শানো হয়েছে। এমতাবস্থায় জনাব মো: ফরিদ আহমেদ, চেয়ারম্যান, ৬নং বড়ধুল ইউনিয়ন পরিষদ, বেলকুচি, সিরাজগঞ্জ এর আবেদনসহ সংযুক্ত রীট পিটিশনের সার্টিফাইড কপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি : -----পাতা।


(শরীফা আহমেদ)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৮৬৬০৫

সচিব
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা।

অনুলিপি :

১. জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৩. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. 